**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 05-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সরকারি উদ্যোগে নির্মীয়মান ফ্ল্যাটগুলির পরিকাঠামো মানুষের চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে করার পরামর্শ দিয়েছেন।**

**(২) উল্টোরথের মধ্য দিয়ে আজ শেষ হল জগন্নাথ দেবের ৯ দিনব্যাপী রথযাত্রা উৎসব।**

**(৩) ত্রিনিদাদ ও টোবাগো সফর শেষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, তাঁর পাঁচ দেশ সফরের তৃতীয় পর্যায়ে আজ সকালে আর্জেন্টিনার রাজধানী বুয়েনস আইরেসে পৌঁছেছেন।**

**(৪) কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ আজ গুজরাটের আনন্দে দেশের প্রথম সমবায় বিশ্ববিদ্যালয়ের ভূমি পূজা করেছেন।**

*******************************************

**CM–Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সরকারি উদ্যোগে নির্মীয়মান ফ্ল্যাটগুলির পরিকাঠামো মানুষের চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে করার পরামর্শ দিয়েছেন। সচিবালয়ে আজ ত্রিপুরা হাউজিং এবং কনস্ট্রাকশন বোর্ডের ১০৭তম বোর্ড মিটিং–এ তিনি এই পরামর্শ দেন। তিনি বলেন, বর্তমান সরকার রাজ্যে নিম্ন আয়ের মানুষের হাতে সহজলভ্যভাবে সরকারি ফ্ল্যাট তুলে দিতে চায়। সেক্ষেত্রে ফ্ল্যাট নির্মাণে কাজের গুণগতমান বজায় রাখার ক্ষেত্রে সর্বাপেক্ষা গুরুত্ব দিতে হবে। সভায় মুখ্যমন্ত্রী ত্রিপুরা হাউজিং এবং কনস্ট্রাকশন বোর্ডের বিভিন্ন প্রকল্পের কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার উপর জোর দেন। সভায় মুখ্যমন্ত্রী আগরতলা গান্ধীঘাটে

নির্মীয়মান ট্যুরিজম এন্ড কালচারেল হাব, রাজ্যের বিভিন্ন স্থানে নির্মিত একলব্য বিদ্যালয়, মির্জায় ইকো পার্ক, উদয়পুরের গ্র্যান্ড স্ট্যান্ড, অম্পিতে ১০০ শয্যাবিশিষ্ট গালর্স হোস্টেল, আমবাসায় যুব আবাস-এর কাজ সম্পর্কে অবহিত হন। আমতলির বাইপাস সংলগ্ন স্থানে প্রস্তাবিত আগরতলার কনভেনশন সেন্টার সম্পর্কেও মুখ্যমন্ত্রী বিস্তারিত খোঁজ খবর নেন।

*************************

**Chariot Festival-Governor :**

পুনঃরথযাত্রা বা উল্টোরথের মধ্য দিয়ে ধুমধামের সঙ্গে আজ শেষ হল জগন্নাথ দেবের ৯ দিনব্যাপী রথযাত্রা উৎসব। আগরতলার জগন্নাথ জিউ মন্দির থেকে একটি রথ ভগবান জগন্নাথ, বলভদ্র ও শুভদ্রা দেবীকে নিয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে জগন্নাথ জিউ মন্দিরে ফিরে যায়। আগরতলার পূর্বাশা প্রাঙ্গণ থেকে ইসকনের রথ শহর পরিক্রমা করে আগরতলায় ইসকনের মূল মন্দিরে ফিরে যায়। পূর্বাশা প্রাঙ্গনে রথযাত্রা শুরুর আগে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, সাংসদ বিপ্লব কুমার দেব, এডিসি সদস্য প্রদ্যোৎ দেববর্মা, প্রথা অনুযায়ী শ্রী বিগ্রহকে আরতি করেন, রথের যাত্রা পথে ঝাড়ু দেন। এখানে এক আলোচনায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেন, ধর্মকে রক্ষা করলে ধর্মও আমাদের রক্ষা করে।

#######Byte-Governor######

এদিকে, আশ্রম চৌমুহনীর ইস্কন হরেকৃষ্ণ মন্দির থেকেও একটি সুসজ্জিত রথ শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

****************************

**Rathayatra-Baikhora :**

দক্ষিণ জেলার বাইখোড়ায় ইসকন আয়োজিত উল্টো রথযাত্রা ঘিরেও ব্যাপক জন সমাগম হয়। বাইখোড়া বাজারের গুন্ডিচা মন্দির থেকে রথ বিভিন্ন পথ পরিক্রমা করে। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য।

*****************************

**Dharti Aaba Janbhagidari Abhiyan :**

ধরতি আবা জনভাগীদারী অভিযানের আওতায় আজ সিপাহীজলা জেলার কাঁঠালিয়া ব্লকের অধীন মনাইপাথর এডিসি ভিলেজের নবকুমার চৌধুরী পাড়া উচ্চ বিদ্যালয়ে মেগা প্রশাসনিক শিবির ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। উপস্থিত ছিলেন বিধায়ক বিন্দু দেবনাথ, কাঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন মিঠু রানী দাস, MDC পদ্মলোচন ত্রিপুরা। শিবিরে সুবিধাভোগীদের বিভিন্ন শংসাপত্র, বিভিন্ন স্কুলকে খেলার সামগ্রী, কয়েকটি স্ব-সহায়ক দলের মহিলাদের হাতে ৩ লক্ষ টাকা করে ব্যাঙ্ক ঋণের চেক প্রদান করা হয়।

*****************************

**Biplab Deb-Airport :**

সাংসদ বিপ্লব কুমার দেবের পৌরহিত্যে আজ আগরতলা মহারাজা বীর বিক্রম বিমানবন্দরে এডভাইজারি কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সাংসদ শ্রী দেব বলেন, বৈঠকে রাজ্যে বিমান সংখ্যা বৃদ্ধি করা, যাত্রীদের যাবতীয় সুযোগ সুবিধা প্রদান করা, বিমানবন্দরে কম ভাড়ায় স্টল দেওয়া ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা হয়েছে। উপস্থিত ছিলেন আগরতলা বিমানবন্দর কর্তৃপক্ষের অধিকর্তা কে সি মিনা, পশ্চিম জেলার জেলাশাসক ডা: বিশাল কুমার, পুলিশ সুপার ড: কিরণ কুমার কে, এডভাইসারি কমিটির সদস্য প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস প্রমুখ।

*****************************

**Review Meeting-Dhalai :**

ধলাই জেলা শাসকের কার্যালয়ে আজ মৎস্য, প্রাণিসম্পদ বিকাশ ও এস সি ওয়েলফেয়ার দপ্তরের জেলাভিত্তিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। পৌরহিত্যে করেন মন্ত্রী সুধাংশু দাস। তিনি জানান, এই তিন দপ্তরের বিগত দিনের যে কর্মপরিকল্পনা ছিল তা কতটা বাস্তবায়িত হয়েছে এবং আগামী দিনের কি কি কর্ম পরিকল্পনা রয়েছে সে বিষয়গুলি নিয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়। পর্যালোচনা বৈঠকের আগে মৎস্য দপ্তরের পক্ষ থেকে

কয়েকজন সুবিধাভোগীর হাতে মাছের পোনা তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন ধলাই জেলার জিলা সভাধিনেত্রী সুস্মিতা দাস, বিধায়ক স্বপ্না দাস পাল, জেলাশাসক সাজু ওয়াহিদ এ এবং বিভিন্ন স্তরের জনপ্রতিনিধিগণ।

**************************

**Kishor Barman :**

বিজেপি'র সিপাহীজলা জেলা দক্ষিণাংশ কমিটির অন্তর্গত বিভিন্ন মন্ডলের পক্ষ থেকে আজ মন্ত্রী কিশোর বর্মণকে সংবর্ধনা দেওয়া হয়। উপস্থিত ছিলেন বিধায়ক বিন্দু দেবনাথ, তফাজ্জল হোসেন, বিজেপি'র জেলা সভাপতি উত্তম দাস।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM :**

ত্রিনিদাদ ও টোবাগো সফর শেষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, তাঁর পাঁচ দেশ সফরের তৃতীয় পর্যায়ে আজ সকালে আর্জেন্টিনার রাজধানী বুয়েনস আইরেসে

পৌঁছেছেন। এই সফরের লক্ষ্য বৈশ্বিক দক্ষিণের সঙ্গে ভারতের সম্পর্ক আরও জোরদার করা। আর্জেন্টিনা সফরের পর, প্রধানমন্ত্রী মোদী রিও ডি জেনেইরোতে ব্রিকস শীর্ষ সম্মেলনে অংশগ্রহণের জন্য ব্রাজিল যাবেন এবং তারপর নামিবিয়া যাবেন।

*************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আজ গুজরাটের আনন্দে দেশের প্রথম সমবায় বিশ্ববিদ্যালয়, 'ত্রিভুবন' সহকারি বিশ্ববিদ্যালয়ের ভূমি পূজা করেছেন। এই অনুষ্ঠানে গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্রভাই প্যাটেল এবং সমবায় মন্ত্রকের সচিব ডঃ আশীষ কুমার ভুটানি সহ অনেক বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন।

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী শাহ তাঁর ভাষণে বলেন যে আজ সমবায় ক্ষেত্রের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি দিন, কারণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ত্রিভুবন দাস প্যাটেলকে সত্যিকার অর্থে শ্রদ্ধা জানিয়েছেন। তিনি বলেন, চার বছর আগে, প্রধানমন্ত্রী মোদী দেশের কোটি কোটি দরিদ্র ও গ্রামবাসীর জীবনে আশা জাগানোর জন্য এবং তাদের অর্থনৈতিকভাবে সমৃদ্ধ করার জন্য সমবায় মন্ত্রক প্রতিষ্ঠা করেছিলেন। সমবায় মন্ত্রক প্রতিষ্ঠার পর থেকে, গত চার বছরে, সমবায় মন্ত্রক ভারতে সমবায় ক্ষেত্রের উন্নয়ন, প্রচার এবং ন্যায়সঙ্গত প্রবৃদ্ধির জন্য ৬০টি নতুন উদ্যোগ গ্রহণ করেছে।

#######Byte-Amit Shah######

উল্লেখ্য, ১২৫ একরেরও বেশি জায়গায় এই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসটি ৫০০ কোটি টাকা ব্যয়ে নির্মিত হবে।

***************************

**CEO :**

রাজ্যের ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার অর্থাৎ ই.আর.ও-দের নিয়ে আজ আগরতলার প্রজ্ঞাভবনে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার

উদ্বোধন করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ব্রিজেশ পান্ডে। তিনি বলেন, এই কর্মশালার মূল উদ্দেশ্য হল ত্রুটিমুক্ত ভোটার তালিকা প্রকাশ এবং সহিংসা মুক্ত নির্বাচন করা। এই লক্ষ্যে নির্বাচন কমিশন প্রতিনিয়ত বিভিন্ন কর্মশালার আয়োজন করে থাকে। রাজ্য থেকেও বিভিন্ন সময়ে ইআরও এবং বি.এল.ও-রা দিল্লিতে গিয়ে কর্মশালায় অংশগ্রহণ করেছেন। সম্প্রতি রাজ্যের ৬০ জন বি.এল.ও দিল্লিতে কর্মশালায় অংশগ্রহণ করেছেন।

*****************************

**DAJGUA :**

তপশিলি জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাশ আজ ধলাই জেলার দক্ষিণ ধুমাছড়া কমিউনিটি হলে ধরতি আবা জনজাতিয় গ্রাম উৎকর্ষ অভিযান এবং প্রধানমন্ত্রী জনমন কর্মসূচির অঙ্গ হিসেবে একটি সচেতনতামূলক শিবিরের উদ্বোধন করেন। মন্ত্রী শ্রী দাশ বলেন এই উদ্যোগটি জনজাতি সম্প্রদায়ের ক্ষমতায়ন, অন্তর্ভুক্তি এবং সর্বাত্মক উন্নয়নের প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অটল প্রতিশ্রুতির সত্যিকারের প্রতিফলন। তিনি বলেন ধরতি আবা জনজাতিয় গ্রাম উৎকর্ষ অভিযান জনজাতি সম্প্রদায়ের সামগ্রিক উন্নয়নের উপর জোর দেয়, সামাজিক অবকাঠামো, স্বাস্থ্যসেবা, শিক্ষা এবং জীবিকার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ব্যবধানগুলি দূর করে। তাছাড়া PMJANMAN এর লক্ষ্য হল স্বাস্থ্য, শিক্ষা, জীবিকার ক্ষেত্রে ব্যবধান পূরণ করে পিছিয়ে পড়া জনগোষ্ঠীদের আর্থ-সামাজিক অবস্থা উন্নত করা।

*****************************

**CITU :**

কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নের যৌথ মঞ্চ ও বিভিন্ন গণসংগঠনের ডাকে আগামী নয় জুলাই ১৭ দফা দাবির ভিত্তিতে দেশব্যাপী সাধারণ ধর্মঘট ডাকা হয়েছে। আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে একথা জানান সি আই টি ইউ রাজ্য সভাপতি মানিক দে। তিনি জানান, উল্লেখযোগ্য দাবিগুলির মধ্যে রয়েছে চারটি শ্রম কোড বাতিল করা, পুরনো পেনশন স্কিম পুনর্বহাল করা ও বিদ্যুৎ সংশোধনী বিল বাতিল করা। সাংবাদিক সম্মেলনে বক্তব্য

রাখেন সি আই টি ইউ রাজ্য সাধারণ সম্পাদক শংকর প্রসাদ দত্ত, ও সংযুক্ত কৃষাণ মোর্চার রাজ্য আহ্বায়ক পবিত্র কর।

*****************************

**Block Level Tree Plantation :**

মধ্য পিলাক হাইস্কুলে আজ জোলাইবাড়ি ব্লক ভিত্তিক বনমহোৎসব অনুষ্ঠিত হয়। দক্ষিণ জিলা পরিষদের সদস্য শম্ভু মানিক, জোলাইবাড়ি পঞ্চায়েত সমিতির সদস্য সুজিত দত্ত প্রমুখ বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেনে।

*****************************

**Khelo Bharat Niti :**

হ্যাশট্যাগ খেলো ভারত নীতিতে খেলাধুলোর ক্ষেত্রে মূল উৎসাহদানের জায়গা হচ্ছে 'খেলোয়াড় সর্বাগ্রে' পন্থা। এর সঙ্গে পরিকাঠামো সম্প্রসারণ, গণসুস্থতার আন্দোলন এবং ভবিষ্যৎ উজ্জ্বল করার পথ খুঁজে দেওয়া। কেন্দ্রীয় সরকার বিগত ১১ বছরে এই নীতিরই রাস্তা খুঁজতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। একটি প্রতিবেদন।

##########VC##########

*********************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় সিপাহীজলা, গোমতি ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৩ ডিগ্রি সেলসিয়াস।

******************************